



মার্কিন বার্তা

AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071

Tel: 2288-1200 (7 Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov

বিশেষ সংবাদ

১৮ আগস্ট ২০০৮

জ্যাজের মূর্ছনায় রবীন্দ্রসঙ্গীত: এলি ইয়ামিন ও সহ-শিল্পীরা ২২-২৫ আগস্ট আসর মাতাবেন খড়গপুর ও কলকাতায়

কলকাতা -- ভারত-মার্কিন সাংস্কৃতিক মেলবন্ধনের নবতর প্রয়াস হিসেবে বিশিষ্ট মার্কিন সঙ্গীত-শিল্পী এলি ইয়ামিন ও সম্প্রদায় জ্যাজের মাধ্যমে রবীন্দ্রসঙ্গীত নিবেদনের এক অভিনব প্রয়াসের উদ্ভাবন করেছেন। এলি ইয়ামিন, টড উইলিয়ামস, স্টেফান স্কাৎজ ও আরি রোল্যান্ডের এই মিশ্র-সাংস্কৃতিক সৃজন, “জ্যাজ স্টোরিজ অভ ইন্ডিয়া অ্যান্ড আমেরিকা”-র সাফল্যের পিছনে রয়েছে জনপ্রিয় বাঙালি কণ্ঠশিল্পীদের সক্রিয় সহযোগিতা ও অংশগ্রহণ।

এক গুচ্ছ করপোরেট সহযোগী ও শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ ব্যবস্থাপনায় আমেরিকান সেন্টার এলি ইয়ামিন শিল্পী-চতুষ্টয়ের এই অভিনব প্রয়াসকে শ্রোতাদের সামনে হাজির করতে চলেছে খড়গপুর ও শহর কলকাতার বিভিন্ন অনুষ্ঠান মঞ্চে। পশ্চিমবঙ্গে এঁদের অনুষ্ঠানের সূচনা হবে শুক্রবার, ২২ আগস্ট খড়গপুর আইআইটি-তে। পরদিন কলকাতার তারাতলায় মেরিন ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউটে শিল্পীরা জ্যাজ সম্পর্কে বলবেন এবং স্বল্প-ক্ষণের জন্য বাজাবেন। রবিবার, ২৪ আগস্ট সকাল ১১ টা - বেলা ১ টা এঁরা ক্যালকাটা স্কুল অভ মিউজিকে একটি কর্মশালা করবেন। তাতে পশ্চিমী বাদ্যযন্ত্রের চর্চা করেন এমন স্থানীয় শিল্পীরা যোগ দিতে পারবেন। ওইদিন তাজ বেঙ্গল হোটেলে আমন্ত্রিত অতিথিদের জন্য জ্যাজ সঙ্গীত-সন্ধ্যার শুরু পৌনে ৮ টায়। মার্কিন শিল্পীদের কলকাতা সফরের সমাপ্তি অনুষ্ঠানটি হবে সোমবার, ২৫ আগস্ট টেকনো ইন্ডিয়া গোস্টার সল্টলেক ক্যাম্পাসে। চার শিল্পীর মধ্যে এলি ইয়ামিন ও আরি রোল্যান্ড কলকাতার সঙ্গীত-রসিক মহলে পরিচিত মুখ। গত বছরই তাঁরা এই শহরে অনুষ্ঠান পরিবেশনের মাধ্যমে শ্রোতাদের মনোরঞ্জন করেছেন।

এই অনুষ্ঠান আয়োজনের মূল উদ্দেশ্য ভারত ও মার্কিন সংস্কৃতির যৌথ উদযাপন। আমেরিকার জ্যাজের মাহাত্ম্য যাঁদের কাছে তেমন পরিচিত নয়, তাঁদের কাছে এই সঙ্গীত-মাধ্যমের আবেদন সহজে পৌঁছে দিতেই এলি ইয়ামিন ও তাঁর সহ-শিল্পীরা বেছে নিয়েছেন কয়েকটি সুপরিচিত রবীন্দ্রসঙ্গীত। তাঁদের সঙ্গে সহযোগিতা করছেন বিশিষ্ট বাঙালি গায়ক/গায়িকারা। এই রাজ্যে সফর শেষে মার্কিন শিল্পীরা দক্ষিণ-ভারতীয় শাস্ত্রীয় শিল্পীদের সহযোগিতায় অনুষ্ঠান করবেন চেন্নাই ও তিরুঅনন্তপুরমে।
